# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 30.05.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের সপ্তম তথা চূড়ান্ত দফার প্রচার পর্ব আজ সন্ধ্যায় শেষ হয়েছে।

এই দফায় রাজ্যের ৯ টি আসনে ভোটগ্রহণ শনিবার পয়লা জুন।

২) অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

৯৬৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকছে ৩৩ হাজারের বেশি রাজ্য পুলিশও।

৩) নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী বৃষ্টি হচ্ছে। আগামী সপ্তাহে উত্তরবঙ্গে বর্ষা প্রবেশ করবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে

৪) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা বিভাগের ছাত্রী ববিতা দত্তের মৃত্যুর ঘটনায় মূল অভিযুক্ত অধ্যাপক সিদ্ধার্থ শংকর লাহাকে গ্রেপ্তার করা হয়েছে। পাঁচদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

---

লোকসভা নির্বাচনের সপ্তম ও চূড়ান্ত দফার প্রচার পর্ব আজ সন্ধ্যায় শেষ হয়েছে। এই দফায় আগামী শনিবার পয়লা জুন ভোট নেওয়া হবে দেশের মোট ৫৭টি আসনে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের ৯'টি আসন-

দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ।

একইসঙ্গে বরানগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনেও ঐদিনই ভোটগ্রহণ।

শেষ দিনে ভোটারদের মন জয় করার জন্য আপ্রাণ চেষ্টা চালান সব দলেরই প্রার্থী এবং তারকা প্রচারকরা। দিনভর ৯ টি লোকসভা কেন্দ্রের বিভিন্ন জায়গায় তারা মিটিং, মিছিল, পথসভা ও রোডশো করেন।

-----------------------

এদিকে সপ্তম দফায় ভোটগ্রহণের প্রস্তুতি চলেছে জোরকদমে। গোসাবা, বাসন্তী, সন্দেশখালী ও বসিরহাটের প্রত্যন্ত অঞ্চলের ভোট কর্মীরা আজই ভোটের সরঞ্জাম নিয়ে পৌঁছে গেছেন। বাকিরা রওনা দেবেন আগামীকাল।

দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের প্রত্যন্ত দ্বীপাঞ্চলের বুথগুলিকে বলা হয় পি-টু । গোসাবা এবং পাথরপ্রতিমায় এরকম একাধিক বুথ রয়েছে। নদীমাতৃক এই দুটি অঞ্চলের পাশাপাশি বসিরহাটের হিঙ্গলগঞ্জ বিধানসভার ১০০ ও সন্দেশখালির ৭৮ টি বুথের ভোটকর্মীদের লাইফ সেভিং পোশাক দেওয়া হয়েছে। এই সব প্রত্যন্ত গ্রামাঞ্চলে ভোটকর্মীদের সুবিধার জন্য এমার্জেন্সি লাইট ও জেনারেটরেরও ব্যবস্থা থাকছে।

এক কোটি ৬৩ লক্ষ্য ৪০ হাজার ৩৪৫ জন ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রযোগ করবেন সপ্তম দফায়। এদের মধ্যে মহিলার সংখ্যা ৮০ লক্ষ ২০ হাজার ৩২৬। তৃতীয় লিঙ্গের ভোটদাতা আছেন ৫৩৮ জন। নতুন ভোটারের সংখ্যা ২ লক্ষ্য ৭১ হাজার ৫৯৬। শতায়ু ভোটার আছেন এক হাজার ১৫৫ জন। ২৯ হাজার ৪৭৬ জন বাড়ি থেকে ভোটাধিকার প্রয়োগ করেছেন।

এই দফায় বুথের সংখ্যা ১৭ হাজার ৪৭০। এর মধ্যে ২ হাজার ৭৯১ টি মহিলা পরিচালিত বুথ। সঙ্কটপ্রবণ বুথের সংখ্যা ৩ হাজার ৭৪৮। সবচেয়ে বেশি সংকটপ্রবণ বুথ রয়েছে বসিরহাটে ১ হাজার ৯৬ টি। সবচেয়ে কলকাতা উত্তরে ৬৬ টি। একশো শতাংশ বুথেই থাকছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা।

সপ্তম পর্যায়ে ৯ টি আসনে ১২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। এদের মধ্যে ২৩ জন মহিলা। সবচেয়ে বেশি কলকতা দক্ষিণে প্রার্থী রয়েছেন, ১৭ জন। সবচেয়ে কম জয়নগরে ১১ জন। এছাড়া যাদবপুরে ১৬, কলকাতা উত্তর ও বসিরহাটে ১৫ জন করে, দমদমে ১৪ এবং বারাসাত, মথুরাপুর ও ডায়মন্ড হরাবারে ১২ জন করে।

বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনে প্রার্থীর সংখ্যা ৮।

অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। এই দফায় নিরাপত্তার দায়িত্বে থাকছে ৯৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। পাশাপাশি রাজ্য পুলিশের সংখ্যা ৩৩ হাজারের সামান্য বেশি।

সপ্তম দফা ভোটের নিরাপত্তা প্রস্তুতি নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন, ভয়েসকাস্ট

চূড়ান্ত পর্যায়ের ভোটে থাকছেন ১০ জন সাধারণ পর্যবেক্ষক, ১১ জন ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক ও ৫ জন পুলিশ পর্যবেক্ষক।

এদিকে ভোটের আগে বিভিন্ন জায়গায় তল্লাশি চালিয়ে প্রায় ৩৫ কোটি টাকা নগদ ও ১০৯ কোটি টাকারও বেশি মদ এবং ৪৬ কোটি চাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে নির্বাচন কমিশন আজ সন্ধ্যা ৬ টা থেকেই সব মদের দোকান বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। ভোটগ্রহণ পর্ব শেষ না হওয়া পর্যন্ত এগুলি বন্ধ থাকবে।

-----------------------

সপ্তম দফার ভোট নিয়ে আগামীকাল শুনবেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর বার্তা এবং আবেদন। শোনা যাবে রাত ৯ টা ৪৫-এ গীতাঞ্জলী ও ১০৭ মেগাহার্টজ প্রচারতরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়। আমাদের সোশ্যাল মিডিয়া পেজেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান। প্রযোজনায় সুস্মিতা মন্ডল।

-----------------------

নির্বাচন কমিশন নির্দিষ্ট একটি দলের হয়ে কাজ করছে বলে সিপিআইএম অভিযোগ করেছে। দলের পক্ষে শমিক লাহিড়ী ও রবিন দেব আজ মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের সঙ্গে দেখা করে এই অভিযোগ জানান। পরে তারা সাংবাদিকদের কাছে দাবি করেন, নির্বাচন কমিশনের অনেক কর্মীর সঙ্গেই নেতা মন্ত্রীদের যোগাযোগ রয়েছে।

-----------------------

রেশন বন্টন দুর্নিতী মামলায় অভিনেত্রী ঋতুপর্না সেনগুপ্তকে তলব করেছে ইডি। আগামী পাঁচই জুন তাঁকে সাক্ষী হিসেবে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে হাজির হতে বলা হয়েছে। আর্থিক লেনদেন সংক্রান্ত কিছু তথ্য যাচাই করার জন্য ঋতুপর্নাকে তলবী নোটিশ পাঠানো হয়েছে বলে খবর।

এর আগে রোজভ্যালি কান্ডে এই অভিনেত্রীকে জিজ্ঞাসাবাদ করেছিল কেন্দ্রীয় তদন্ত সংস্থা।

-----------------------

নিয়োগ দুর্নীতি কান্ডে সিবিআই তৃণমূল কংগ্রেস নেতা বিধাননগর পুর নিগমের মেয়র পারিষদ দেবরাজ চক্রবর্তীকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে। আগামী চৌঠা জুন নির্বাচনের ফল ঘোষণার দিনই তাঁকে নিজাম প্যালেসে হাজিরা দিতে হবে। তবে,

ওই দিন তিনি নির্বাচনের কাজে ব্যস্ত থাকার কারণে হাজিরা দিতে পারবেন না বলে দেবরাজ সি বি আই-কে জানিয়েছেন বলে খবর। গত বছর সি বি আই নিয়োগ দুর্নীতি কান্ডে দেবরাজকে জিজ্ঞাসাবাদ করে।

------------------------

ঘূর্ণিঝড় রেমালের প্রভাব কেটে গেলেও উত্তর প্রদেশের উত্তর পশ্চিমাঞ্চল থেকে পশ্চিম বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বায়ুমন্ডলে জলীয় বাষ্পের পরিমাণ অনেক বেড়ে যাওয়ায় উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী বৃষ্টি হচ্ছে। সেই সঙ্গে নির্ধারিত সময়ের দুদিন আগেই দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আজ কেরালা এবং উত্তর পূর্বাঞ্চেলর সব রাজ্যে প্রবেশ করেছে। এর ফলে হিমালয় সন্নিহিত পশ্চিবঙ্গে বৃষ্টির অনুকুল পরিবেশ তৈরি হয়েছে।

আলিপুর আবাহওয়া দপ্তর সোমলার তেসরা জুন পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার ও কালিম্পং জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আজ ও আগামীকাল কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়িতে ভারে থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং দার্জিলিং ও কালিম্পং-এ ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

আলিপুর আবাহওয়া দপ্তরের প্রধান হাবিবুর রহমান বিশ্বাস জানালেন,

বাইট

এদিকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপকূলবর্তী জেলাগুলিতেও হাল্কা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে, আন্দামান নিকোবর উপকূলে, যার ঝাপ্টা ৬০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। ফলে সমুদ্র উত্তাল

থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের আগামীকাল সকাল পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

অন্যদিকে, রেমাল সরে যেতেই অস্বস্তিকর ঘর্মাক্ত গরমে নাজেহাল দক্ষিণবঙ্গের মানুষ। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ৩'ডিগ্রি ওপরে ৩০ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের ১ দশমিক ১ ডিগ্রি নীচে, ৩৪ ডিগ্রি সেলসিয়াস।

----------------------

কোচবিহারের শীতলকুচির গড়খোলা এলাকায় আজ সকালে বজ্রাঘাতে এক কিশোরের মৃত্যু হয়েছে। দীপ জয় বর্মণ নামে ঐ কিশোর মাঠে ধান কাটতে গিয়েছিল। ফেরার পথে বাজ পড়লে সে মাটিতে লুটিয়ে পড়ে। মাথাভাঙা মহকুমা হাসাপাতলে নিয়ে গেলে তাকে মৃত ঘোষণা করা হয়।

----------------------

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা বিভাগের ছাত্রী ববিতা দত্তের মৃত্যুর ঘটনায় মূল অভিযুক্ত অধ্যাপক সিদ্ধার্থ শংকর লাহা অবশেষে ধরা পড়লেন। মাটিগাড়া থানার পুলিশ গতকাল অসমের গোয়ালপাড়া জেলার বাগুয়ান থেকে তাকে গ্রেপ্তার করে। তাকে আজ শিলিগুড়ি আদালতে তোলা হলে ৫ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ, গত ১৬ই মে মাটিগাড়া সংলগ্ন শিবমন্দির এলাকার একটি ভাড়া বাড়ি থেকে ববিতার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। তার এই আত্মহত্যায় সরাসরি নাম জড়ায় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিদ্ধার্থ শংকর লাহার। পুলিশ সূত্রে জানা গেছে, গবেষণা বিভাগের প্রধান অধ্যাপক লাহা, ভালো নম্বর পাইয়ে দেওয়ার অজুহাতে ববিতার ওপর একাধিকবার শারীরিক অত্যাচার চালায়। তার ঘর থেকে উদ্ধার হওয়া একটি

একটি ডায়রিতেও বিভিন্ন তথ্য মেলে। ববিতার পরিবারের পক্ষ থেকে সিদ্ধার্থ শংকর লাহার বিরুদ্ধে মাটিগাড়া থানায় লিখিত অভিযোগ করা হয়। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, অধ্যাপক লাহা গোয়ালপাড়ার বাগুয়ান এলাকায় তার এক বন্ধুর বাড়িতে আত্মগোপন করে রয়েছেন। এরপরই অসম পুলিশের সহযোগিতায় ঘটনার ১৩ দিন পর তাকে গ্রেপ্তার করা হয়।

-----------------------

বর্ধমান শহরের গোদায় ভাড়াবাড়িতে বর্ধমান মেডিকেল কলেজের ওটি টেকনিশিয়ান কোর্সের প্রথম বর্ষের এক ছাত্রের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। মৃতের নাম সৌরভ সাঁতরা (১৯)। তার বাড়ি পশ্চিম মেদিনীপুরের কোতোয়ালি থানার মানিকপুরে। আজ সকালে ঘরের ভিতর তাঁকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান বাড়ির মালিক। বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। মৃতের দিদি রিয়া সাঁতরা জানিয়েছেন, ঘটনার দু'দিন আগে সে বাড়িতে গিয়েছিল। তখনও কিছু বোঝা যায়নি। প্রতিদিনের মতো এদিন ভাইকে সকালে ভাইকে তিনি ফোন করেছিলেন, কিন্তু সে ফোর ধরেনি। ঘটনার বিষয়ে একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্তে নেমেছে বর্ধমান থানা।

-----------------------

পুরুলিয়ার বোরো থানা এলাকায় গাছ থেকে এক বৃদ্ধের ঝুলন্ত দেহ উদ্ধারকে ঘিরে এলাকায় আজ চাঞ্চল্য ছড়ায়। সকালে বুড়িবাঁধ অঞ্চলের বারিডি গ্রামের বাসিন্দা বছর পঁয়ষট্টির রামপদ সিং কে, পাশের জানিপুর গ্রামে একটি পলাশ গাছে গলায় ধুতির ফাঁস লাগানো অবস্থায় দেখতে পেয়ে স্থানীয়রা বোরো থানার পুলিশকে খবর দেয়। পুলিশ গিয়ে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়।দেহ উদ্ধারের ঘটনায় তদন্তে নেমেছে বোরো থানার পুলিশ।

-----------------------

শিলিগুড়ি পুরনিগম এলাকায় পানীয় জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। জলের মান খারাপ ধরা পড়ায় পুরসভা থেকে সরবরাহ করা জল খাওয়া যাবেনা বলে মেয়র গৌতম দেব গতকাল এক নিষেধাজ্ঞা জারি করেন। বিকল্প হিসাবে জলের পাউচ বিলি করা হচ্ছিল কিন্তু তাতে সমস্যা মেটেনি।

এর প্রেক্ষিতে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ভ্রাম্যমান জল শোধন গাড়ীর সাহায্যে স্থানীয় পুকুরের জল পরিস্রুত করে তা পাউচে ভরে  সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য সেখানে তিনটি গাড়ি পাঠানো হচ্ছে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

এদিকে, বাম এবং এসইউসিআইয়ের পক্ষ থেকে আজ শিলিগুড়ি পুরনিগমের সামনে প্রতিবাদ কর্মসূচী পালন করা হয়। মেয়র এবং তাঁর গাড়িকে ঘিরেও দেখানো হয় বিক্ষোভ। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

-----------------------

পুরুলিয়ায় বরাবাজার ব্লকের ধেলাদবামু গ্রাম পঞ্চায়েত এলাকায় চার দিন ধরে নলকূপ খারাপ থাকায় পানীয়জল সরবরাহ ব্যাহত হচ্ছে। তীব্র গরমের মধ্যে খাবার জল না পেয়ে স্থানীয় মানুষ আজ পঞ্চায়েত প্রধানের ঘরে তালা লাগিয়ে বিক্ষোভ দেখায়। পরিস্থিতি সামাল দিতে ছুটে আসে পুলিশ। সন্ধ্যা নাগাদ নলকূপ সারানোর ব্যবস্থা নেওয়া হলে তালা খুলে নেন বিক্ষোভকারীরা। গ্রাম পঞ্চায়েতের এক আধিকারিক জানিয়েছেন, প্রচন্ড গরমে জলস্তর নেমে যাওয়ায় বহু জায়গাতেই নলকূপের সমস্যা দেখা দিচ্ছে। যত দ্রুত সম্ভব ব্যবস্থা নেওয়া হচ্ছে।

----------------------- -----------------------